

## হাজীদের জন্য নতুন নিয়ম সৌদি আরবের

- A Monitor Desk Report

Date: 27 March, 2025



**ঢাকাঃ সৌদি আরব জানিয়েছে, ২০২৫ সালের হজ পালনে অংশগ্রহণকারী সব হাজীকে মেনিনজাইটিস ভ্যাকসিন গ্রহণ করতে হবে।**

হজ ও ওমরাহ মন্ত্রণালয় জানিয়েছে, সৌদি নাগরিক এবং বিদেশি সব হজযাত্রীর এই ভ্যাকসিন গ্রহণ করা বাধ্যতামূলক। যারা ভ্যাকসিন নেবেন না, তাদের হজ পালনের অনুমতি দেওয়া হবে না।

মন্ত্রণালয় জানিয়েছে, যারা ভ্যাকসিন নেবেন না, তাদের হজ প্যাকেজ এবং নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করা হবে না। হজের সময় সংক্রামক রোগের বিস্তার রোধের জন্য এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

মন্ত্রণালয় উল্লেখ করেছে যে, সব হাজীর নিরাপত্তার জন্য সংক্রামক রোগের সংক্রমণ নিয়ন্ত্রণ অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

এর আগে চলতি বছরের জানুয়ারিতে সৌদি স্বাস্থ্য মন্ত্রণালয় ওমরাহ যাত্রীদের জন্য স্বাস্থ্য নির্দেশিকা প্রকাশ করেছে। এতে বাধ্যতামূলক ভ্যাকসিনেশন এবং সতর্কতামূলক ব্যবস্থাগুলোর কথা বলা হয়েছে।

এছাড়াও সাধারণ সিভিল অ্যাভিয়েশন কর্তৃপক্ষ (জিসিএএ) একটি বিজ্ঞপ্তি জারি করে জানায়, হাজীদের স্বাস্থ্য সংক্রান্ত প্রয়োজনীয় ডকুমেন্টস এবং ভ্যাকসিন সার্টিফিকেট সঙ্গে রাখতে হবে।

-B